

শেখ হাসিনার বাংলাদেশ  
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ অধিদপ্তর  
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
www.doe.gov.bd



নং-২২.০২.০০০০.০৫১.০৩৮.০০১.২০২১-২০৪

২৫/০১/১৪৩০ বঙ্গাব্দ  
তারিখঃ -----।  
০৬/১০৫/২০২৩ খ্রিস্টাব্দ

পরিপত্র

বিষয়ঃ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর বিধি-৩ ও ৪ এর ক্ষমতা অর্পণ।

সূত্র : পরিবেশ অধিদপ্তরের ২৩/০৭/২০০২ খ্রিস্টাব্দ তারিখের পরিবেশ/১৬৪১ সংখ্যক স্মারক।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এর ১৯ (২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ২০২৩ এর বিধি-৩ ও বিধি-৪ এ প্রয়োগযোগ্য ক্ষমতা উহার বিপরীতে উল্লিখিত কর্মকর্তাগণকে জনস্বার্থে অর্পণ করা হইল। উক্ত স্মারকে অর্পণকৃত অন্যান্য ক্ষমতা বহাল থাকিবে:

ক্রমিক নং	উক্ত আইন ও বিধিমালায় সংশ্লিষ্ট বিধান	অর্পিত ক্ষমতার বিবরণ	ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা
১।	উক্ত আইনের ধারা ৮ এবং বিধিমালায় বিধি ৩	এই ধারা ও বিধির অধীন আবেদন গ্রহণ, নিষ্পত্তি, গণশুনানী ও অন্যান্য ব্যবস্থা গ্রহণ	স্ব স্ব এলাকায় অধিদপ্তরের অঞ্চল/ মহানগর/বিভাগ/জেলা কার্যালয় প্রধান (পরিচালক/উপপরিচালক/সহকারি পরিচালক/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা) এবং আন্তঃবিভাগীয় বা জাতীয় পর্যায়ের কোনো বিষয়ে মহাপরিচালক কর্তৃক নির্দিষ্টকৃত সদর দপ্তরের কোনো পরিচালক বা কমিটি
২।	উক্ত আইনের ধারা ১১ (৩) (ক) এবং বিধিমালায় বিধি ৪	এই দফা এবং বিধির অধীনে নমুনা সংগ্রহের উদ্দেশ্যে নোটিশ প্রদান	অধিদপ্তরের পরিদর্শক/ জ্যেষ্ঠ প্রকর্মী/ কনিষ্ঠ রসায়নবিদ/ তদূর্ধ্ব যে কোনো কর্মকর্তা

২। এ প্রসঙ্গে উল্লেখ্য যেঃ-

(ক) অর্পিত ক্ষমতা প্রয়োগের ব্যাপারে মহাপরিচালক কোনো সাধারণ বা বিশেষ আদেশ, নির্দেশ বা নির্দেশনা প্রদান করিলে তাহা অনুসরণ করিতে হইবে;

(খ) অর্পিত ক্ষমতা প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন ও বিধির বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।

৩। সূত্রোক্ত স্মারকে জারীকৃত পরিপত্রের ১১ ও ১৪ নম্বর ক্রমিকে প্রদত্ত ক্ষমতা এতদ্বারা বাতিল করা হইল।

৪। জনস্বার্থে এই আদেশ জারি করা হইলো এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে।

ড. আবদুল হামিদ  
মহাপরিচালক

ফোন# ২২২২১৮৫০০

ই-মেইল: dg@doe.gov.bd

নং-২২.০২.০০০০.০৫১.০৩৮.০০১.২০২১-২৫৪

২০/০১/১৪৩০ বঙ্গাব্দ  
তারিখঃ -----।

০৮/০৫/২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতির জন্য ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-

১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

✓ পরিচালক (প্রশাসন/প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনা/মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট/পরিকল্পনা/বায়ুমান ব্যবস্থাপনা/জলবায়ু পরিবর্তন/পরিবেশগত ছাড়পত্র/আইটি/আইন/বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা), পরিচালক (ঢাকা অঞ্চল/ঢাকা মহানগর/ঢাকা গবেষণাগার/চট্টগ্রাম মহানগর/চট্টগ্রাম গবেষণাগার/চট্টগ্রাম অঞ্চল/খুলনা /রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর বিভাগ/কক্সবাজার জেলা), পরিবেশ অধিদপ্তর।

৩। উপ নিয়ন্ত্রক, ফরমস এন্ড পাবলিকেশন, বিজিপ্রেস, তেজগাঁও, ঢাকা। (তঁহাকে উপরের পরিপত্রটি গেজেটে প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল)

৪। উপপরিচালক/সহকারি পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তর, ----- জেলা কার্যালয়।

৫। অফিস কপি/ গার্ড ফাইল।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সহকারি পরিচালক, মহাপরিচালকের কার্যালয়, পরিবেশ অধিদপ্তর, ঢাকা।



খো. মো: ফজলুল হক

পরিচালক(আইন)

ফোন# ২২২২১৮৪৫২

ই-মেইল: dirlaw@doe.gov.bd